গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**রেলপথ মন্ত্রণালয়**
**বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা**
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০১.১৯(অংশ-২)-১০

তারিখ: ০১ মাঘ ১৪২৬ / ১৫ জানুয়ারি ২০২০

**বিষয়: এপিএ টীমের সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, **৭ জানুয়ারি ২০২০ তারিখ সকাল ১০:০০ ঘটিকায়** অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি মূল্যায়ন সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ জাহিদুল ইসলাম)
সহকারী সচিব

**বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৩। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা।
০৪। জিএম (পূর্ব/পশ্চিম),বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
০৫। যুগ্ম প্রধান, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৬। ডিআরএম (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৭। উপসচিব (প্রশাসন-১/২/৩/৪, উন্নয়ন-১/২, অডিট), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৮। অর্থনীতিবিদ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৯। প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী/চট্টগ্রাম।
১০। পরিচালক (সংস্থাপন/অর্থ/প্রকৌশল/যান্ত্রিক/পরিবহন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১১। ডিএসটিই/টেলিকম/হেডকোয়ার্টার, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে।
১৩। সিনিয়র সহকারী সচিব (অপারেশন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৫। সিনিয়র প্ল্যানিং অফিসার-১, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১৬। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৭। সিনিয়র সহকারী সচিব (বাজেট-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

০১। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। জনাব মুহাম্মাদ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**রেলপথ মন্ত্রণালয়**
**বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা**
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি মূল্যায়নের জন্য রেলপথ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে **০৭.০১.২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মজিবুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) সিনিয়র সচিবের রুটিন দায়িত্বে, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০৭.০১.২০২০ খ্রিঃ |
| সময় | : | বেলা ১০:০০ ঘটিকা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৯৩০, নবম তলা), রেলভবন, ঢাকা |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সর্বোচ্চ মাত্রায় বাস্তবায়নের লক্ষ্যে দায়িত্ব নির্ধারণের জন্য এ সভার আয়োজন করা হয়েছে। ইতিমধ্যে এই অর্থ বছরের ৬ (ছয়) মাস সময় অতিক্রান্ত হয়েছে। তিনি জানান, রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক ১২ মাসের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামী ৬ মাস সময় অবশিষ্ট রয়েছে। ফলে মন্ত্রণালয়ের কর্মকৌশল অনুযায়ী কার্য সম্পাদন করা আবশ্যক। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী অর্ধবার্ষিক কার্যক্রম অচিরেই মূল্যায়ন করা হবে। এ প্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয়ের এপিএ কার্যক্রম সফল ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রতি মাসে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে এপিএ'র কার্যক্রমের মাসিক ভিত্তিতে অগ্রগতি মূল্যায়নের জন্য রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীমের সকল সদস্য, বাংলাদেশ রেলওয়ে এপিএ টীমের সদস্যবৃন্দ, রেলপথ মন্ত্রণালয়ের প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ের প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে আজকের এ সভার আয়োজন করা হয়েছে।

০২। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা অনুসারে জানুয়ারি ২০২০ মাসে নিম্নরূপ কার্যাবলী আবশ্যিকভাবে সম্পাদন করতে হবে:

| সময়সীমা | বিষয় | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | মন্তব্য |
|---|---|---|---|
| ১৫ জানুয়ারি ২০২০ | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক অগ্রগতি পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটি ও এপিএ টিম | |
| ১৫ জানুয়ারি ২০২০ | ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত | মন্ত্রণালয়/বিভাগসমূহের এপিএ টিম | |

| সময়সীমা | বিষয় | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | মন্তব্য |
|---|---|---|---|
| ২২ জানুয়ারি ২০২০ | ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুল | |
| ২৯ জানুয়ারি ২০২০ | ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন | মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটি ও এপিএ টিম | |
| ৩০ জানুয়ারি ২০২০ | ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | মন্ত্রণালয়/বিভাগ | ৩১ জানুয়ারি ২০২০ তারিখ সরকারি ছুটির দিন। এছাড়া ৩০ জানুয়ারি ২০২০ তারিখ ঢাকা সিটি করপোরেশন নির্বাচনের কারণে সাধারণ ছুটি থাকার থাকার সম্ভাবনা। এ কারণে ২৯ জানুয়ারি ২০২০ তারিখ অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ও ফলাবর্তক (Feedback) প্রদান করতে হবে। |
| ৩১ জানুয়ারি ২০২০ | দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (Feedback) প্রদান | মন্ত্রণালয়/বিভাগ | |

০৩। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) সভাকে আরও অবহিত করেন মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৯-২০ অর্থবছরের এপিএ ক্যালেন্ডার অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগসমূহের অর্ধবার্ষিক প্রতিবেদন আগামী ৩০ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে অনুসরণের জন্য নিম্নোক্ত পদ্ধতি উল্লেখ করে তা অনুসরণের অনুরোধ করা হয়েছে:

ক) APAMS সফটওয়্যার ব্যবহার করে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে।
খ) প্রতিটি কর্মসম্পাদন সূচকের অগ্রগতির বিপরীতে উপযুক্ত প্রমাণক থাকতে হবে।
গ) সকল প্রমাণকের সফটকপি APAMS সফটওয়্যারের মাধ্যমে আপলোড করে প্রেরণ করতে হবে। কোনো হার্ডকপি প্রেরণের প্রয়োজন নেই।
ঘ) যে সকল প্রমাণকের সফটকপির আকার ২ মেগাবাইটের বেশি অথবা আপলোড করতে সমস্যা সে সকল প্রমাণক ই-মেইলে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।
ঙ) সকল ক্ষেত্রে প্রমাণক উপযুক্ত কর্তকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। স্বাক্ষরবিহীন কোনো প্রমাণক মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
চ) যে সকল সূচকের বিপরতে উপযুক্ত প্রমাণক সরবরাহ করা হবে না সে সকল সূচক অর্জিত হয়নি মর্মে বিবেচিত হবে।

সভায় আরও জানানো হয় প্রত্যেক সূচকের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করতে হবে।

০৪। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) আরও জানান, মন্ত্রিপরিষদ বিভাগ বিগত ডিসেম্বর ২০১৯ – এ প্রত্যেক সূচকের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণের নির্দেশনা দিলেও রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীমের বিগত জুলাই ২০১৯ মাসের সভার সিদ্ধান্ত অনুসারে মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত প্রত্যেক সূচকের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োজিত আছেন। তবে বাংলাদেশ রেলওয়ে হতে এ বিষয়ে কোন বিবরণী পাওয়া যায়নি। তিনি সভায় বাংলাদেশ রেলওয়েকে আগামীতে প্রত্যেক সূচকের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী উল্লেখ করে প্রতিবেদন দেয়ার জন্য আহবান জানান। এলক্ষ্যে তিনি প্রতিবেদনের সংশোধিত ছক সংশ্লিষ্ট সকলকে সরবরাহ করা হবে মর্মে জানান।

০৫। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) পুনরায় জানান যে, প্রত্যেক কর্মসূচীর মাসভিত্তিক অর্জনের তথ্য এপিএ টীম বরাবরে প্রত্যেক মাসের ৮ তারিখের মধ্যে প্রদানের জন্য সিদ্ধান্ত আছে যা সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই এ তথ্যাদি পাওয়া যাচ্ছে না। এ সকল তথ্যদি যাতে সময়মতো এপিএ টীমের নিকট সরবরাহ করা হয় তার জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ করেন।

০৬। সভায় রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতির ওপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করা হয়। উপস্থাপনায় নভেম্বর, ২০১৯ পর্যন্ত প্রাপ্ত তথ্য প্রদর্শিত হয়। এ সময় পর্যন্ত অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে বার্ষিক কর্মসম্পাদন কর্মসূচীর সফল বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

০৭। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

০৭.০১ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জানুয়ারি, ২০২০ এর জন্য নির্ধারিত ক্যালেন্ডার অনুসরণ করে বার্ষিক কর্মসম্পাদন কর্মসূচীভূক্ত সকল কাজ সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও এপিএ টীমের সকল সদস্যবৃন্দ এ বিষয়ে পদক্ষেপ নিবেন।

০৭.০২ বাংলাদেশ রেলওয়ে তাদের জন্য নির্ধারিত কর্মসম্পাদন চুক্তির প্রত্যেক সূচকের বিপরীতে কর্মকর্তা নির্ধারণ করে সংশোধিত ছকে প্রতিবেদন প্রেরণ করবে।

০৭.০৩ রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ২০১৯-২০ অর্থবছরের জন্য নির্ধারিত কর্মসূচীর শতভাগ অর্জনে সচেষ্ট থাকবেন।

০৭.০৪ রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাদের দায়িত্বের অন্তর্ভূক্ত কার্যাবলী এপিএ টীম প্রণীত নির্ধারিত ছকে প্রত্যেক মাসের ৮ তারিখের মধ্যে এপিএ টীম বরাবরে প্রেরণ করবেন ও প্রেরণের জন্য দায়ী থাকবেন।

০৭.০৫ বাংলাদেশ রেলওয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এপিএ'র নিয়মিত সভা করে মন্ত্রণালয়ে কার্যবিবরণী প্রেরণ করবে;

০৭.০৬ বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র সংযোজনী-২ অনুযায়ী এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করবে;

০৮। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/১/২০

(মোঃ মজিবুর রহমান)
অতিরিক্ত সচিব
রেলপথ মন্ত্রণালয়।